

স্মারক নং : ০৫.৪৬.৯১৩৫.০০০.৩২.০২৩.২০.৩০৭

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২২

বিষয় : শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি আয়োজন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২১ শে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসন, ফেঞ্চুগঞ্জ কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বর্ণিত কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ এর কর্মসূচি :**

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে
২১ ফেব্রুয়ারি ২০২২	রাত ১২.০১ মিনিট	স্বাস্থ্যবিধি অনুসরণ করে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রাঙ্গণ	উপজেলা প্রশাসন ফেঞ্চুগঞ্জ
	সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিত রাখা	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত/ সকল শিক্ষা প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠান/ ভবনসমূহে (সঠিক রং ও মাপের জাতীয় পতাকা)	স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানগণ
	সকাল ১১.৩০ মিনিট	ভার্চুয়াল আলোচনা সভা	<b>Zoom Application</b> Meeting Id: 236 583 3858 Password: 123456	সহকারী প্রোগ্রামার প্রশাসনিক কর্মকর্তা
	সুবিধাজনক সময়ে	সকল ভাষা শহিদদের রংহের মাগফেরাত কামনা করে স্বাস্থ্যবিধি নিশ্চিতপূর্বক সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত/ প্রার্থনা	মসজিদ, মন্দির গীর্জা ও অন্যান্য উপাসনালয়	ইসলামিক ফাউন্ডেশন ও স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ
	বেলা ১১.০০ টা	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগণের জন্য শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে স্ব স্ব ভাষায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	মণিপুর চা বাগান ও মোমিনছড়া চা বাগান	উপজেলা সমাজসেবা অফিসার ও প্রধান শিক্ষক, মণিপুর চা বাগান প্রাথমিক বিদ্যালয়

- ০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলার সকল কর্মকর্তাকে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পুষ্পস্তবক অর্পণ কর্মসূচিতে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। দিবসের পুষ্পস্তবক অর্পণ কর্মসূচিতে নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফেঞ্চুগঞ্জ থানা-কে অনুরোধ করা হলো।
- ০৪। দিবসের আলোচনা সভা চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস কে অনুরোধ করা হলো।
- ০৫। পুষ্পস্তবক অর্পণ কর্মসূচিতে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

*20.2.2022*

রাশী আহমেদ  
উপজেলা নির্বাহী অফিসার  
ফেঞ্চুগঞ্জ, সিলেট  
ফোন: ০২৯৯৬৬৪৬৭০২  
মোবাইল: ০১৭৩০-৩৩১০৩৪

**বিতরণ:**

- ০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
- ০২। উপজেলা ..... অফিসার (সকল), ফেঞ্চুগঞ্জ, সিলেট
- ০৩। চেয়ারম্যান, ..... (সকল) ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট
- ০৪। প্রধানশিক্ষক/ সুপার/ অধ্যক্ষ, ..... উচ্চ বিদ্যালয়/ মাদ্রাসা/ কলেজ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
- ০৫। সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, ফেঞ্চুগঞ্জ উপজেলা কমান্ড, সিলেট
- ০৬। সভাপতি/সম্পাদক ..... ফেঞ্চুগঞ্জ, সিলেট

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ০১। জেলা প্রশাসক, সিলেট
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

*20.2.2022*

উপজেলা নির্বাহী অফিসার  
ফেঞ্চুগঞ্জ, সিলেট